

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।
প্রশাসন শাখা

নং: ১৮.১৪.০১৫৮.১২৪.০১.০০১.১৮-

তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ।


অফিস আদেশ

মোংলা বন্দরে বর্তমান করোনা পরিস্থিতির বিবেচনায় বন্দরের কার্যক্রম সচল রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হলোঃ

১. করোনা ভাইরাসের প্রকট প্রাদুর্ভাব উত্তরণ না হওয়া পর্যন্ত বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে নিরাপত্তা, ট্রাফিক, হারবার, মেডিকেল এবং যান্ত্রিক ও তড়িৎ বিভাগ কাজের পরিধি অনুযায়ী ন্যূনতম লোকবল দ্বারা কাজ পরিচালনার ব্যবস্থা নিবে এবং অন্যান্য বিভাগের কার্যাবলী পালাক্রমে ২৫% লোকবল দ্বারা সম্পন্নের ব্যবস্থা করতে হবে।
২. সকল বিভাগীয় প্রধানগণ ডিউটি রোস্টার প্রস্তুত করে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা করবেন।
৩. করোনা ভাইরাসের প্রকট প্রাদুর্ভাব উত্তরণ না হওয়া পর্যন্ত আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্নের ব্যবস্থা নিতে হবে।
৪. বিভাগীয় প্রধানগণ প্রেক্ষাপট বিবেচনা করে প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা গ্রহণপূর্বক উত্থাপিত/আহত কোন বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।
৫. পরিচালন কার্যক্রম অব্যাহত রাখার জন্য গণপরিবহন এর ব্যবহার পরিহার করার জন্য প্রয়োজনে (সম্ভব হলে) মোংলা বন্দরে অবস্থিত ডরমেটরী/রেস্ট হাউজ অস্থায়ীভাবে ব্যবহার করা যেতে পারে।
৬. মোংলা বন্দরের বিভিন্ন অফিস, জেটি, আবাসিক এলাকায় প্রবেশের সময় প্রবেশমুখে স্থাপিত ডিজইনফেকটেন্ট ট্যানেল আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে।
৭. আবাসিক এলাকায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের বাসার উচ্চিস্ট বর্জ্য বাসভবনের নিচে স্থাপিত ড্রামে ফেলতে হবে। বর্জ্য সংগ্রহকারী কোন অবস্থাতেই আবাসিক ভবনের উপর বর্জ্য সংগ্রহের জন্য উঠতে পারবে না।
৮. মোংলা বন্দর কর্তৃপক্ষের যে সব গাড়ি ব্যবহৃত হচ্ছে সে সব গাড়ি গুলি স্ব স্ব ডাইভার কর্তৃক ডিজইনফেকটেন্ট স্প্রে দ্বারা জীবানুমুক্ত করবে।
৯. আবাসিক এলাকায় যাতে বহিরাগতরা অপ্রয়োজনে প্রবেশ করতে না পারে তার তদারকি জোরদার করতে হবে।
১০. অফিসমূহ ডিজইনফেকটেন্ট স্প্রে করে জীবানুমুক্ত করতে হবে। এ বিষয়ে মবক এর সম্পত্তি শাখা এবং মেডিকেল বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
১১. মবক এর সাথে আর্থিক লেনদেন সম্ভব হলে ক্যাশ/নগদের পরিবর্তে ব্যাংকের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে।

সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণকে কর্তৃপক্ষ ও সরকার কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


২৬/০৯/২০

পরিচালক (প্রশাসন)

বিতরণঃ

সকল বিভাগীয়/কোষ প্রধান

....., মবক, মোংলা।

অনুলিপিঃ

- ১। সদস্য (অর্থ/প্রঃ ও উঃ/হাঃ ও মেঃ), মবক, মোংলা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক (সিবিএ), মবক, মোংলা।